



বাংলাদেশ টেক্সটাইল বিশ্ববিদ্যালয়

তেজগাঁও, ঢাকা-১২০৮।

স্মারক নং- বাটেবি/প্রশাঃ/২২/৮ম খন্ড/২০১৮/৭৬৭

তারিখ: ১৬/০৯/২০১৯

নিয়োগ বিজ্ঞপ্তি

বাংলাদেশ টেক্সটাইল বিশ্ববিদ্যালয়, তেজগাঁও, ঢাকা এর নিম্নলিখিত শিক্ষাছুটিজনিত শূণ্য পদসমূহ বিধি মোতাবেক প্রদেয় অন্যান্য ভাতাদিসহ পদের বিপরীতে উল্লেখিত বেতন স্কেলে সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে পূরণের নিমিত্ত বাংলাদেশের প্রকৃত নাগরিকদের নিকট হতে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে :

ক্রঃ নং	পদের নাম ও বেতন স্কেল (বেতন স্কেল ২০১৫)	পদের সংখ্যা	শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা
১.	প্রভাষক (এ্যাপারেল) বেতন স্কেল : ২২০০০-৫৩০৬০/- এ্যাপারেল ইঞ্জিনিয়ারিং বিভাগ।	০১	The candidate must possess a First Class or CGPA 3.70 (out of 4.00) or above in B. Sc. Engineering/Technology or equivalent degree in the relevant branch of engineering from a recognized university/institution. Candidates having 1 st division or GPA 4.50 (out of 5.00) or above both in SSC and HSC or equivalent certificate can only apply.
২.	প্রভাষক (টেক্সটাইল হিউম্যানিটি) বেতন স্কেল : ২২০০০-৫৩০৬০/- টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং ম্যানেজমেন্ট বিভাগ।	০২	
৩.	প্রভাষক (টেক্সটাইল ফ্যাশন) বেতন স্কেল : ২২০০০-৫৩০৬০/- টেক্সটাইল ফ্যাশন এন্ড ডিজাইন বিভাগ।	০১	
৪.	প্রভাষক (মেকানিক্যাল) বেতন স্কেল : ২২০০০-৫৩০৬০/- টেক্সটাইল মেশিনারী ডিজাইন এন্ড মেইনটিন্যান্স বিভাগ।	০১	
৫.	প্রভাষক (ইলেকট্রিক্যাল) বেতন স্কেল : ২২০০০-৫৩০৬০/- টেক্সটাইল মেশিনারী ডিজাইন এন্ড মেইনটিন্যান্স বিভাগ।	০২	
৬.	প্রভাষক (রসায়ন) বেতন স্কেল : ২২০০০-৫৩০৬০/- রসায়ন বিভাগ।	০১	The candidate must possess a Masters degree with a First Class or CGPA 3.70 (out of 4.00) or above both in B. Sc. (Hons) and M.Sc. or equivalent degree in the relevant branch from a recognized university/institution. Candidates having 1st division or GPA 4.50 (out of 5.00) or above both in SSC and HSC or equivalent certificate can only apply.

শর্তাবলী :

- অগ্রহী প্রার্থীদেরকে বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার অফিস/Website: www.butex.edu.bd হতে জীবন বৃত্তান্তের একটি ফরমেট সংগ্রহপূর্বক পাসপোর্ট সাইজের ২ কপি সত্যায়িত ছবি, শিক্ষাগত যোগ্যতা (সকল সার্টিফিকেট ও ট্রান্সক্রিপ্টসহ) ও অভিজ্ঞতার সনদের সত্যায়িত কপিসহ আবেদনপত্র দাখিল করতে হবে।
- বর্ণিত পদসমূহের এর জন্য ০৫ (পাঁচ) সেট পূর্ণ আবেদনপত্র দাখিল করতে হবে।
- আবেদনপত্রের সাথে প্রার্থীর সর্বশেষ শিক্ষা প্রতিষ্ঠান প্রদানের নিকট হতে চরিত্র সম্পর্কিত প্রশংসাপত্র (Testimonial) এবং চাকুরীরত হলে নিয়োগকারী কর্তৃপক্ষের নিকট হতে অভিজ্ঞতার সনদপত্রের সত্যায়িত কপি দাখিল করতে হবে।
- আবেদনপত্র এবং খামের উপর সুস্পষ্টভাবে পদের নামসহ বিষয় উল্লেখ করতে হবে।
- সকল আবেদনপত্র "রেজিস্ট্রার, বাংলাদেশ টেক্সটাইল বিশ্ববিদ্যালয়, তেজগাঁও, ঢাকা-১২০৮" এর বরাবরে প্রেরণ করতে হবে।
- আবেদনপত্রের সাথে "বাংলাদেশ টেক্সটাইল বিশ্ববিদ্যালয়, তেজগাঁও, ঢাকা" এর অনুকূলে যে কোন তফসিলী ব্যাংক হতে ৫০০/-টাকার পে-অর্ডার/ডিডি (ঢাকার বাহিরের ক্ষেত্রে প্রযোজ্য) দাখিল করতে হবে।
- চাকুরীরত প্রার্থীদের অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদনপত্র প্রেরণ করতে হবে।
- আবেদনপত্র পাঠানোর শেষ তারিখ : ০২/১০/২০১৯ (অফিস চলাকালীন সময়ের মধ্যে)।
- কোন পদের প্রার্থীর সংখ্যা বেশী হলে প্রয়োজনবোধে লিখিত পরীক্ষার ব্যবস্থা করা হতে পারে।
- অসম্পূর্ণ আবেদনপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে।
- যোগ্য/প্রাথমিক বাহাইকৃত প্রার্থীদের লিখিত পরীক্ষা/সাক্ষাৎকারের তারিখ, সময় ও স্থান পত্রের মাধ্যমে জানানো হবে। লিখিত পরীক্ষা/সাক্ষাৎকারে অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না। সাক্ষাৎকারে অংশগ্রহণের সময় সকল প্রকার সনদ এবং ট্রান্সক্রিপ্টের মূল কপি দেখাতে হবে।
- কর্তৃপক্ষ কোন কারণ প্রদর্শন ব্যতিরেকে যে কোন আবেদনপত্র গ্রহণ বা বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন এবং নিয়োগ বিজ্ঞপ্তি প্রচারের কারণে কর্তৃপক্ষ নিয়োগ প্রদান করতে কিংবা ইন্টারভিউ কার্ড ইস্যু করতে বাধ্য থাকবেন না। আবেদনপত্রের সাথে দাখিলকৃত কোন প্রকার কাগজপত্র ফেরত প্রদান করা হবে না।
- দেশের বিভিন্ন প্রাইভেট বিশ্ববিদ্যালয় হতে অর্জিত ডিগ্রী এবং বিদেশে অর্জিত ডিগ্রী এই বিশ্ববিদ্যালয় অনুমোদিত ডিগ্রীর সাথে অনুরূপ ডিগ্রী হিসাবে ইকুইভেলেন্স করতে হবে।
- শিক্ষক পদে অভিজ্ঞতা বলতে Full time Professional job or teaching experience at degree level in recognized institution (Govt./Semi-Govt. only) - এ সংশ্লিষ্ট বিষয়ে কাজের অভিজ্ঞতাকে বুঝাবে।
- সংশ্লিষ্ট প্রার্থীদেরকে নিয়োগ পাওয়ার পর নিজ কিংবা পরিবারের কোন সদস্যের জন্য যৌতুক নিবেন না এবং দিবেন না মর্মে "অস্বীকারনামা" প্রদান করতে হবে।

স্বাক্ষরিত/-

(অধ্যাপক মোঃ মনিরুল ইসলাম)

রেজিস্ট্রার (অতিরিক্ত দায়িত্ব)

স্মারক নং- বাটেবি/প্রশাঃ/২২/৮ম খন্ড/২০১৮/৭৬৭

তারিখ: ১৬/০৯/২০১৯

বিতরণ, সদয় অবগতির জন্য-

- সকল ডীন, বাটেবি।
- সকল বিভাগীয় প্রধান, বাটেবি।
- পরিচালক (সকল), বাটেবি।
- প্রক্টর, বাটেবি।
- সকল দপ্তর প্রধান, বাটেবি।
- সেকশন অফিসার, ভিসি অফিস (ভিসি মহোদয়ের সদয় অবগতির জন্য), বাটেবি।
- সহকারী প্রোগ্রামার, আইসিটি সেল (বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইট এ আপলোড করার অনুরোধসহ), বাটেবি।
- সংশ্লিষ্ট নথি।

(মুহাম্মদ শরীফুর রহমান)
ডেপুটি রেজিস্ট্রার (এইচআর)